দর্শনায় জাসদের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

দর্শনা পৌর জাসদের উদ্যোগে জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ এর প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

গতকাল ৩১অক্টোবর জাসদ (ইনু) এর ৪৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে দর্শনা পৌর জাসদের ফুলতলা কার্যালয়ে আলোচনা সভা ও কেক কেটে দিনটি পালন করে।

দর্শনা পৌর জাসদের সভাপতি জুলফিকার হায়দারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আলোচনা দামুড়হুদা উপজেলা জাসদের সভাপতি জাহাঙ্গীর আলম লুল্লু বক্তব্য রাখতে গিয়ে বলেন, ১৯৭১ সালে গণতন্ত্র, বাংলাদেশ জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, ধর্ম নিরপেক্ষ এই ৪টি সাংবিধানিক ধারার উপর এ দেশকে প্রতিষ্ঠা হয়।

জাসদের জন্ম হয় সমাজতন্ত্র প্রতিষ্ঠার লক্ষে। যেখানে দেশের সকল পর্যায়ের মানুষ খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা ও বিনোদন পাবে। দেশের সর্বক্ষেত্রে সমান অধিকার নিয়ে বেঁচে থাকতে পারবে। সকলের জন্য সমান সুযোগ সৃষ্টি করতে তাদের অবিরাম সংগ্রাম।

এছাড়া দেশে সু-সাশন প্রতিষ্ঠা, আইনের শাসন ও দুর্নীতি মুক্ত বাংলাদেশ প্রতিষ্ঠা করা। দুর্নীতির বিরুদ্ধে সুদ্ধি অভিযানের মাধ্যমে একটি উন্নয়নশীল দেশ গঠনের দাবী করেন।

এছাড়া আলোচনা সভায় বক্তব্য রাখেন, দর্শনা পৌর জাসদের সাধারণ সম্পাদক রেজাউল করিম পিটু, সাবেক সাধারণ সম্পাদক আ ন ম জামাল উদ্দিন, গোলম মোস্তফা, সাবেক ছাত্র নেতা নুরুল আলম বাকু, ৯নং ওর্য়াড সভাপতি রফিকুল ইসলাম, শিক্ষক নজরুল ইসলাম, রাজু আহম্মেদ, রাহেন আলী ও হায়দার আলী।

এছাড়া অর্ধশতাধিক নেতা-কর্মী উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন সাবেক দর্শনা সরকারী কলেজ ছাত্রনেতা আওয়াল হোসেন।

দর্শনা প্রতিনিধি

চিকিৎসার জন্য ভারতে গেলেন এমপি টগর

চিকিৎসার জন্য ভারতে গেলেন চুয়াডাঙ্গা-২ আসনের এমপি আলী আজগর টগর।
গতকাল বৃহস্পতিবার দুপুরের দিকে দর্শনা চেকপোস্ট হয়ে চিকিৎসার জন্য ভারতে গেলেন চুয়াডাঙ্গা-২ আসনের উন্নয়নের রুপকার এমপি আলী আজগর টগর।

এ সময় নেতা কর্মীরা তাকে নোমেন্স ল্যান্ড পর্যন্ত তাকে এগিয়ে দিয়ে আসেন।
এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও পৌর আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আলী মুনছুর বাবু, আতিয়ার রহমান হাবু, দামুড়হুদা উপজেলার আওয়ামী যুবলীগের আহ্বায়ক আব্দুল হান্নান ছোট, ছাত্রলীগের অপু সহ বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন।

তিনি চিকিৎসা শেষে ভারত থেকে ঢাকা রওনা দেবেন বলে জনান।

নদী খননে তৃণমূলের কৃষি নতুন উচ্চতায় পৌঁছাবে

চুয়াডাঙ্গার মাথাভাঙ্গা নদীসহ ৫টি নদী খননের উদ্যোগ গ্রহন করেছে সরকার। ৬৪টি জেলার অভ্যন্তরীস্থ নদী খনন প্রকল্পের আওতায় এ নদী খনন করা হবে। প্রকল্প বাস্তবায়নের অংশ হিসাবে গতকাল বৃহস্পতিবার দুপুরে জীবননগরে চিত্রা নদী খনন কাজের উদ্বোধন করা হয়।

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের শাখারিয়া পিচ মোড় গ্রামে নদীর মাটি কেটে খনন কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন, স্থানীয় সংসদ

সদস্য হাজী আলী আজগর টগর।

এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান , উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম , জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলম ও পানি উন্নয়ণ বোর্ডের নির্বাহী প্রকৌশলী জাহেদুল ইসলাম,জীবননগর থানা আওয়ামীলীগের সভাপতি গোলাম মোর্তুজা,সাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন।

এ সময় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর বলেন, বাংলাদেশ নদীমাতিৃক দেশ। তাই সারা দেশে নদীগুলোকে বাঁচানোর উদ্যোগ গ্রহন করেছে সরকার। বর্তমান সরকার উন্নয়নে বিশ্বাসী। দেশের নদীগুলো সচল হলে দেশের তৃণমূলের কৃষি ঘুরে দাঁড়াবে। তাই প্রধানমন্ত্রীর নির্দেশে ৬৪টি জেলার অভ্যন্তরীস্থ নদী খনন প্রকল্পের আওতায় চুয়াডাঙ্গার ৫টি নদী খনন করা হবে। চিত্রা নদী খনন সেই উন্নয়নের ধারাবাহিকতার অংশ।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধান মন্ত্রী জনন্ত্রেী শেখ হাসিনার নদী খনন প্রকল্পটি যুগান্তকারী সিদ্ধান্ত। কারণ নদীগুলো বাঁচলে বাঁচবে পরিবেশ, রক্ষা হবে জীব বৈচিত্র। তৃণমূলের কৃষি নতুন উচ্চতায় উন্নতি হবে। আর এ কারণে নদী বাঁচাতে সরকারের এ পরিকল্পনা ।

চুয়াডাঙ্গা পানি উন্নয়ন বোর্ডরে নির্বাহী প্রকৌশলী জাহেদুল ইসলাম জানান, প্রকল্পের ১ম পর্যায়ে চুয়াডাঙ্গার মধ্য নদী বয়ে যাওয়া চিত্রা নদী খনন করা হবে।এর মধ্যে জীবননগর উপজেলাতে ৬ কি: মিটার নদী খনন করা হবে। ২০২০ সালের ২০ জুনের মধ্যে খননের কাজ শেষ করা হবে।

-মোঃ আব্দুল্লাহ আল মাসুম ,জীবননগর

১ নভেম্বর থেকে চুয়াডাঙ্গা ও দর্শনায় যাত্রাবিরতি করবে ‘বেনাপোল এক্সপ্রেস’

আগামী ১ নভেম্বর থেকে চুয়াডাঙ্গা ও দর্শনাসহ চারটি স্টেশনে যাত্রাবিরতি করবে ঢাকা-বেনাপোল রুটে চলাচলকারী ‘বেনাপোল এক্সপ্রেস’। রাজধানী ঢাকা ও দেশের বৃহত্তম স্থলবন্দর বেনাপোলের মধ্যে বিরতিহীন চলাচলকারী ট্রেনটির যাত্রাপথে চারটি স্টেশনে বিরতির সিদ্ধান্ত নিয়েছে রেলওয়ে কর্তৃপক্ষ।

এর ফলে এ অঞ্চলের ঢাকাগামী যাত্রীরা বাড়তি একটি ট্রেন পেতে যাচ্ছে। যাত্রাপতে বিরতি পাওয়া অন্য দুটি স্টেশন হলো, ঝিনাইদহের কোর্টচাঁদপুর ও যশোরের ঝিকরগাছা।

চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশনের স্টেশন মাস্টার মিজানুর রহমান জানান, বেনাপোল এক্সপ্রেস ট্রেনে চুয়াডাঙ্গা থেকে ঢাকাগামী যাত্রীদের জন্য মোট ১১০টি আসন রাখা হয়েছে। যার মধ্যে শোভন চেয়ার ৯২টি, এসি কেবিনে চেয়ার আটটি ও এসি চেয়ার ১০টি। ফিরতি পথে (ঢাকা থেকে) এসি বার্থ চারটি, এসি চেয়ার ১০টি ও শোভন চেয়ার ৭০টিসহ মোট ৮৪টি। এ ছাড়া দর্শনা থেকে ঢাকাগামী ও ফিরতি পথের যাত্রীদের জন্য শোভন ৭০টি ও এসি চেয়ার পাঁচটি রাখা হয়েছে।

মিজানুর রহমান আরো বলেন, বর্তমানে ট্রেনটি ঢাকায় যাওয়ার পথে বিকেল তিনটা ২৬ মিনিটে ও ফিরতি পথে সকাল ৬টা ২৫ মিনিটে চুয়াডাঙ্গা স্টেশন ত্যাগ করে। প্রাথমিকভাবে ওই সময়টিকে যাত্রাবিরতির জন্য ধরা হয়েছে।

চুয়াডাঙ্গা থেকে ঢাকা পর্যন্ত চিত্রা ও সুন্দরবন এক্সপ্রেস ট্রেনে যে ভাড়া নেওয়া হয়, বেনাপোল এক্সপ্রেসের ভাড়াও তা-ই থাকছে। এতে শোভন চেয়ারে ৩৯০ টাকা, এসি চেয়ারে ৭৫০ টাকা ও এসি কেবিন চেয়ারে ৮৯২ টাকা।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কর্মী সম্মেলন

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় ১৪ নং চিৎলা ইউনিয়নে যুবলীগের কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।
গতকাল বুধবার বিকাল সাড়ে চার ঘটিকার সময় হাপানিয়া স্কুল মাঠে চিংলা ইউনিয়ন যুবলীগের পরিচিতি সভা ও কর্মী সম্মেলনের আয়োজন করা হয়।

অনুষ্ঠান আহ্বায়ক কমিটির সভাপতি জনাব ইনতাদুল হক মেম্বারের সভাপতিত্বে কর্মী সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবলীগের প্রেসিডিয়াম সদস্য ও জেলা পরিষদের চেয়ারম্যান শেখ শামসুল আবেদীন খোকন। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও জেলা যুবলীগের আহ্বায়ক জনাব নঈম হাসান জোয়াদ্দার। বিশেষ বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক জিল্লুর রহমান।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন এদেশে কোনো দুর্নীতি রাখা যাবে না। এবং দুর্নীতিমুক্ত সোনার বাংলা গড়তে হবে। বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়কে এগিয়ে চলছে উন্নয়নের ধারা অব্যাহত থাকে। এজন্য প্রধানমন্ত্রীর নির্দেশ অনুযায়ী যুবলীগের কাজ করতে হবে।
প্রধান বক্তা বলেন যুবলীগ বাংলার মাটি ও মানুষের সংগঠন।

তাই শরীরের এক ফোটা রক্ত থাকা পর্যন্ত এই যুবলীগ ছাড়বো না।
তাছাড়া আরও বক্তব্য রাখেন , জেলা কৃষকলীগের সভাপতি গোলাম ফারুক জোয়াদ্দার , ইউনুস আলী মাস্টার , লেহাজ উদ্দিন , আসাদুজ্জামান কবির , হাসানুজ্জামান সরোয়ার , রবিউল ইসলাম , শাহনেওয়াজ সজল , শাহ ইমরান , রইস উদ্দিন মাস্টার ও ইমদাদুল হক মেম্বার ।

উক্ত অনুষ্ঠানটি পরিচালনা করেন চিৎলা ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি টিটু ও সাইদুর রহমান।

চিৎলা প্রতিনিধি

জাসদ এর ৪৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয় সমাজতান্ত্রিক দল-বাংলাদেশ জাসদ এর ৪৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে বাংলাদেশ জাসদ চুয়াডাঙ্গা জেলা শাখা গতকাল বুধবার বিকাল ৪টায় শোভাযাত্রা ও সমাবেশের আয়োজন করে।

শোভাযাত্রার পূর্বে চুয়াডাঙ্গা টাউন ফুটবল মাঠের সমাবেশে বাংলাদেশ জাসদ কেন্দ্রীয় স্থায়ী কমিটির সদস্য ও চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি মুক্তিযোদ্ধা আনোয়ারুল ইসলাম বাবু বলেন, সমাজ পরিবর্তনের লক্ষ্য নিয়ে ১৯৭২ সালের ৩১ অক্টোবর জাসদের জন্ম হয়েছিল। লক্ষ্য অর্জনে আজও সে আন্দোলন গতিশীল রয়েছে। ব্যাংক, শেয়ার বাজার লুটেরা, ঋণ খেলাপী এবং শীর্ষ দূর্নীতিবাজ আমলা ও রাজনীতিকদের গ্রেফতার করে বিচারের দাবী এবং দেশে যে অশুভ ব্যবসায়ী সিন্ডিকেট গড়ে উঠেছে তা ভেঙ্গে দেওয়ার দাবী জানান। মুক্তিযুদ্ধের ধারায় অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক দেশ গড়ার আহŸ◌ান জানান। টাউন মাঠ থেকে শোভাযাত্রা শুরু হয়ে শহীদ হাসান চত্ত¡রে এসে শেষ হয়।

শোভাযাত্রায় উপস্থিত ছিলেন বাংলাদেশ জাসদ চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক শামসুল আলম, সদর উপজেলা সভাপতি হামিদুল হক মুক্তি, সাধারণ সম্পাদক আশরাফুল আলম, জীবননগর উপজেলা সভাপতি আব্দুর রশিদ, দামুড়হুদা উপজেলা সভাপতি আতিয়ার রহমান, আলমডাঙ্গা উপজেলা সাধারণ সম্পাদক মাহবুব হক, এছাড়াও জাসদ নেতা হারুন-অর-রশিদ, রাসেল হোসেন, উজ্জল হোসেন, মিলন মল্লিক, মন্টু মিয়া, মফিজুল ইসলাম ডাবলু, নিয়াজ উদ্দীন।

জীবননগর প্রতিনিধি

চুয়াডাঙ্গা রেলওয়ে আন্ডার পাস সড়কের ঢালাই করণ কাজের উদ্বোধন

তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (ইউজিআইআইপি-৩), প্রকল্পের অর্থায়নে চুয়াডাঙ্গা রেলওয়ে আন্ডার পাস সড়কের ঢালাই করণ কাজের উদ্বোধন করা হয়।

গতকাল বুধবার দুপুরে স্থানীয়দের সঙ্গে নিয়ে এ কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন পৌর মেয়র জনাব মো: ওবায়দুর রহমান চৌধুরী জিপু।

এ সময় উপস্থিত ছিলেন-পৌরসভার ৩নং সংরক্ষিত আসনের কাউন্সিলর মোছা: শেফালি খাতুন, সহকারী প্রকৌশলী মো: হাফিজুর রহমান কাওছার, সংশ্লিষ্ট কাজের ঠিকাদার প্রতিষ্ঠান এর স্থানীয় প্রতিনিধি রোকনুজ্জামান, আওয়ামী লীগ নেতা অ্যাড. শফিকুল ইসলাম শফি, শহর সমম্বয় কমিটির সদস্য ও সমাজ সেবক মো: নাসির আহাদ জোয়ার্দ্দার, সড়ক নির্মাণের জন্য জমিদাতা রাশেদুল জামান মালিক ও জহুর হোসেন মালিম, প্রকল্পের উপ-সহকারী প্রকৌশলী মো: আব্দুল কাদের, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মো: জানিফ, ছাত্রলীগ নেতা জ্যাকি ও ইমরান সহ এলাকার অন্যান্য ব্যক্তিবর্গ প্রমুখ।

রাস্তাটি ঢালাই কাজ সম্পন্ন হলে রেল ক্রসিং এর সময় গেইট বন্ধ থাকলে ছোট ছোট যান বাহনগুলি আন্ডার পাস দিয়ে যাতায়াত করতে পারবে এবং মানুষের দূর্ভোগ লাঘব হবে।

প্রেস বিজ্ঞপ্তি

দর্শনা পৌরসভার কম্পিউটারাইজড

কর ও ট্রেড লাইসেন্স বিলিং সিস্টেম বিতরণের উদ্বোধন

দর্শনা পৌরসভার কম্পিউটারাইজড হোল্ডিং কর ও ট্রেড লাইসেন্স বিলিং সিস্টেমে বিতরণের উদ্যোগের উদ্বোধন করা হয়েছে।

গতকাল বুধবার সকাল ১০টায় দর্শনা পৌর মিলনায়তনে কম্পিউটারাইজড হোল্ডিং কর ও ট্রেড লাইসেন্স বিলিং সিস্টেম বিতরণ এর উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান। এ অনুষ্ঠানের শুরুতেই কর বিভাগের কর্মকর্তা সরোয়ার হোসেন ডিজিটাল বিলিং সর্ম্পকে আলোচনা করেন। দর্শনা বিভিন্ন শ্রেনী পেশার মানুষের উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখতে গিয়ে চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর বলেন, দর্শনা পৌর সভার এটি একটি ভাল উদ্যোগ।

মেয়রকে উদ্যেশ্য করে বলেন, সময়ের সাথে সাথে ডিজিলাইজড করা হলো। বিলিং সিস্টেম যদি তৎক্ষনিক সমস্যা হয় তাহলে সাথে সাথে ব্যবস্থা নেওয়া। দর্শনা পৌর এলাকায় ব্যপক উন্নয়ন কাজ শুরু হয়েছে। দীর্ঘদিন পর দর্শনা থানায় উন্নীত হয়েছে। ইনশাল্লাহ যে ভাবে ঐক্যবদ্ধ হয়ে কাজ করছি।

মাননীয় প্রধান মন্ত্রি ডিজিটাল করার ঘোষনা দিলে আনেকেই নাক সিটকিয়েছে। বর্তমান বিশ্বের সাথে তাল মিলিয়ে দেশকে এগিয়ে নিতে সবাইকে সাথে এগিয়ে যেতে হবে।
দর্শনা মুজিবনগর সড়ক প্রস্থ ও উন্নয়ন করতে ১শত কোটি ৪৯ লাখ ৮৩ হাজার টাকা সরকার বরাদ্ধ দিয়েছে।

দর্শনা কাষ্টমস প্রশিক্ষণ কেন্দ্র নির্মানে ১শত কোটি ৩৯ লাখ টাকা বরাদ্ধ হয়েছে। দেশকে এগিয়ে নিতে জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে একটি সুখী সুন্দর ও সমৃদ্ধশালী সোনার বাংলা গড়ে তুলতে আমরা সকলেই প্রধান মন্ত্রি শেখ হাসিনাকে সহযোগিতা করতে হবে।

মেয়র মতিয়ার রহমান বলেন, দর্শনা পৌর সভার পৌর কর, ট্রেড

লাইসেন্স বিল এখন থেকে প্রতিটি বাড়ি বাড়ি ও প্রতিষ্ঠানে দিয়ে আসা হবে। আপনার সোনালী ব্যাংক অথবা পৌর সভায় দিয়ে যেতে হবে। সময়ের মধ্যে বীল পরিশোধ করা হলে সে ক্ষেত্রে ১০% ছাড় পাবেন।
এছাড়া বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন দর্শনা কেরু এ্যান্ড কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক জাহেদ আলী আনছারী বলেন, বিলিং সিস্টেম বাংলাদেশে বাইরে যাওয়ার কোন সুযোগ নেই।

আমি দর্শনা পৌর সভাকে ধন্যবাদ জানাই সকল নাগরিকের হোল্ডিং কর ডিজিলাইজেশন করার জন্য। মাননীয় প্রধান মন্ত্রি দেশকে ডিজিলাইজড করতে নানা উদ্যোগ গ্রহন করেছে। তার অংশ হিসাবে দর্শনা পৌরসভা বিলিং সিস্টেম ডিজিলাইজড হলো। এরপর কেরু কোম্পানীকে পরিচলনায় এলাকার সকলের সহযোগিতা কামনা করে বক্তব্য শেষ করেন।
এছাড়া বক্তব্য রাখেন, দর্শনার সরকারী কলেজের অধ্যক্ষ শহীদুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মাহফুজুর রহমান মন্জু, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু, সাবেক উপাধ্যক্ষ মোশররফ হোসেন ও আকমত আলী।

এসময় জাহিদুল ইসলম, সাবেক শিক্ষক হুমায়ন কবিরসহ বেশ কয়েকজনের হাতে ডিজিটাল বীল তুলে দেন।

অনুষ্ঠান পরিচালনা করেন, পৌর কর্মকর্তা হারুন অর রশিদ।

দর্শনা প্রতিনিধি

আলমডাঙ্গায় ৯ বছরের শিশু কে ধর্ষনের চেষ্টা, মামলা দায়ের

আলমডাঙ্গার জেহালা সনাতনপুর গ্রামের ৯ বছরের শিশু কন্যাকে ধর্ষনের চেষ্টা। মেয়ের পিতা বাদী হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেছে।

জানাগেছে, গত ২৯ অক্টোবর জেহালা সনাতনপুর গ্রামের ৩য় শ্রেনীর ছাত্রী কে একই গ্রামের মৃত রশিদ খাঁর ছেলে খোকন খাঁ স্কুলে

যাবার পথে তার দোকানে ডেকে টাকা ও চকলেট দেবার প্রলভন দেখিয়ে তার দোকানের ভীতর নিয়ে যায়, মেয়েটি ভীত শন্ত্রস্র হয়ে পড়ে, এ সময় খোকন খাঁ তার দেহের স্পর্শকাতর স্থানে হাত দিয়ে শ্লীলতা হানীর চেষ্টা করে।

মেয়েটি চিৎকার করলে খোকন খাঁ তাকে ছেড়ে দেয় এবং এই ঘটনা কাউকে যেন না বলে তার জন্য ভয়ভীতি প্রদর্শন করে।

মেয়েটি বাসায় ফিরে তার মায়ের কাছে সব ঘটনা খুলে বলে। তার মা পিতাকে সবিস্থারে ঘটনা খুলে বলে। তখন মেয়েটির পিতা খোকন খাঁর দোকানে গিয়ে বিষয়টি জিজ্ঞাসা বাদ করতে গেলে সে এলোমেলো কথা বর্তা বলতে থাকে।

৯ বছরের শিশুকে ধর্ষনের চেষ্টার অভিযোগে মেয়েটির পিতা গতকাল বিকেল ৫ টার দিকে বাদী হয়ে আলমডাঙ্গা থানায় নারী ও শিশু নির্যাতন আইনে মামলা করেছে।

আলমডাঙ্গা প্রতিনিধি